LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ৭ই জানুয়ারি **২০১৮ ইং**

সাপ্তাহিক লেনদেনের ৫.৯৮% ইউনাইটেড পাওয়ারের

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গেল সপ্তাহে ইউনাইটেড পাওয়ার জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের ১২৪ কোটি টাকার বেশি শেয়ার হাতবদল হয়, যা স্টক এক্সচেঞ্জটির সাপ্তাহিক লেনদেনের ৫ দশমিক ৯৮ শতাংশ। লেনদেন তালিকায় এক নম্বরে উঠে আসার পাশাপাশি সপ্তাহ শেষে কোম্পানিটির শেয়ার দর ৭ দশমিক ৩৪ শতাংশ বেড়েছে।বাজার পর্যবেক্ষণে দেখা যায়, লভ্যাংশ ও বার্ষিক সাধারণ সভার (এজিএম) রেকর্ড ডেটকে কেন্দ্র করে কোম্পানিটির শেয়ারের চাহিদা বেড়েছে। গত ছয় কার্যদিবসে ডিএসইতে ইউনাইটেড পাওয়ারের শেয়ার দর ১৭৭ থেকে ১৯৪ টাকার ঘরে উন্নীত হয়েছে।রেকর্ড ডেটের কারণে আগামীকাল কোম্পানিটির শেয়ার লেনদেন বন্ধ থাকবে। আজ শুধু স্পট ও ব্লক মার্কেটে এর শেয়ার হাতবদল হবে।৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে ৯০ শতাংশ নগদ ও ১০ শতাংশ স্টক লভ্যাংশ সুপারিশ করেছে ইউনাইটেড পাওয়ারের পরিচালনা পর্ষদ। এক বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ১১ টাকা ৫০ পয়সা। ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ৪১ টাকা ২২ পয়সায়।নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডা অনুমোদনের জন্য ২৭ জানুয়ারি সকাল সাড়ে ১০টায় রাজধানীতে অবস্থিত আর্মি গলফ ক্লাবের গলফ গার্ডেনে এজিএম আয়োজন করবে কোম্পানিটি।http://bonikbarta.net

ঢাকায় 'আইটি প্রফেশনালস মিট-আপ' মার্চে

বাংলাদেশ ইনোভেশন ফোরামের উদ্যোগে আগামী ১০ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে 'আইটি প্রফেশনালস মিট-আপ'। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল অব ফেমে আইটি প্রফেশনালদের নিয়ে দেশের সর্ববৃহত্ এ মিট-আপ অনুষ্ঠিত হতে যাচ্ছে। ওইদিন সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত অনুষ্ঠানে দেশের শীর্ষ আইটি পেশাজীবীসহ সংশ্লিষ্ট খাতের করপোরেট আইকনরা বক্তব্য রাখবেন।সেমিনারটিতে আইওটি, ডাটা সায়েন্স, প্রোগ্রামিং, থিম ডেভেলপমেন্ট, অ্যাফিলিয়েট মার্কেটিং, ডিজিটাল মার্কেটিংসহ স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে আইটি প্রফেশনালদের পেশাগত বিভিন্ন দিক নিয়ে বক্তারা কথা বলবেন। একই সঙ্গে বৈশ্বিক প্রযুক্তিগত উন্নয়নের প্রেক্ষাপটে দেশের আইটি শিল্পের বর্তমান পরিস্থিতি নিয়ে কথা বলবেন আইটি বিশেষজ্ঞরা।http://bonikbarta.net

মার্কিন শ্রমবাজারে শ্লথ প্রবৃদ্ধি মজুরি বাড়েনি কাঙ্ক্ষিত হারে

গত ডিসেম্বরে যুক্তরাষ্ট্রের বাজারে কর্মসংস্থান বৃদ্ধির হার ছিল হতাশাজনক। শুক্রবার প্রকাশিত সরকারি উপাত্তে দেখা যায়, ম্যানুফ্যাকচারিং এবং নির্মাণ খাতে কর্মসংস্থানের অবস্থা দৃঢ় হলেও সামগ্রিকভাবে চিত্রটা আশাব্যঞ্জক ছিল না। অন্যদিকে অর্থনীতিবিদরা বলছেন, এ সপ্তাহ থেকে বিশ্বের সর্ববৃহৎ অর্থনীতির দেশটির প্রায় ৪০টি রাজ্য ও মিউনিসিপ্যালিটিতে ন্যূনতম মজুরি বাড়লেও তা সামগ্রিকভাবে যুক্তরাষ্ট্রের বেতন কাঠামো বৃদ্ধির জন্য যথেষ্ট হবে না। খবর এএফপি।মনে করা হয়, এ মুহূর্তে যুক্তরাষ্ট্রে প্রায় পূর্ণাঙ্গ কর্মসংস্থান হয়েছে এবং কর্মহীনতার হার ৪ দশমিক ১ শতাংশে স্থিত আছে, যা গত ১৭ বছরের মধ্যে সর্বনিম্ন। তবে গত

বছরের শেষ মাসে নিয়োগকারীরা নতুন করে মাত্র ১ লাখ ৪৮ হাজার নিয়োগ দিয়েছেন, যার মধ্যে দুই হাজার বাদে বাকি সবই ব্যক্তি খাতে। তবে এ সংখ্যা অর্থনীতিবিদদের প্রত্যাশিত দুই লাখের চেয়ে অনেক কম। উচ্চাশা আরো বেড়ে গিয়েছিল বৃহস্পতিবার প্রকাশিত এডিপির উপাত্তে, যেখানে বলা হয়, বিগত মাসে ব্যক্তিখাতে কর্মসংস্থান ছিল ২ লাখ ৫০ হাজার। অবশ্য এডিপি রিপোর্টে অতিশয়োক্তির ব্যাপারটি সর্বজনবিদিত।http://bonikbarta.net

জার্মানিতে স্বর্ণের চাহিদা বেড়েছে

২০১৭ সালের দ্বিতীয়ার্ধে আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দামে তেজিভাব বজায় ছিল। এ সময় স্বর্ণের বাজারে বিনিয়োগে আগ্রহী হয়ে ওঠেন বিভিন্ন দেশের বিনিয়োগকারীরা। জার্মানিতেও একই চিত্র দেখা গেছে। গত বছর জার্মান বিনিয়োগকারীদের কাছে স্বর্ণের চাহিদা বেড়েছে। এ খাতে জার্মান বিনিয়োগ দাঁড়িয়েছে প্রায় ৭৩০ কোটি ডলার। ফ্রাঙ্কফুর্টভিত্তিক ক্যাপিটাল মার্কেট কোম্পানি ডয়েচে বোয়েরসের এক নোটে এ তথ্য জানানো হয়েছে। খবর রয়টার্স।প্রতিষ্ঠানটির দেয়া তথ্য অনুযায়ী, ২০১৭ সাল শেষে জার্মানির বিনিয়োগকারীদের কাছে স্বর্ণের মোট চাহিদা ছিল ১৭৫ দশমিক শূন্য ৪ টন, যা আগের বছরের তুলনায় ৫৭ দশমিক ৪৫ টন বেশি। ২০১৬ সালে দেশটির বিনিয়োগকারীদের কাছে মূল্যবান ধাতুটির মোট চাহিদা ছিল ১১৭ দশমিক ৫৯ টন। গত বছর স্বর্ণের বাজারে জার্মান বিনিয়োগ দাঁড়িয়েছে প্রায় ৬১০ কোটি ইউরো বা ৭৩০ কোটি ডলার।http://bonikbarta.net

অসমতা কমাতে জরুরি অভ্যন্তরীণ নীতি সংস্কার

বাংলাদেশসহ সারা বিশ্বেই অসমতা বেড়ে যাওয়ায় নিজের উদ্বেগের কথা জানিয়ে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডাব্লিউটিও) সাবেক মহাপরিচালক প্যাসকেল লামি বলেছেন, ধনী ও দরিদ্রের ব্যবধান প্রতিনিয়ত বাড়ছে। সারা বিশ্বেই বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে বৈষম্য ও অসমতা। এই অসমতা কমাতে অভ্যন্তরীণ নীতি সংস্কারের তাগিদ দেন প্যাসকেল লামি। তাঁর মতে, কোনো দেশের অসমতা কমাতে আন্তর্জাতিক প্রভাব খুব কমই কাজ করে। রাষ্ট্রের অভ্যন্তরীণ উদ্যোগে শিক্ষা, স্বাস্থ্য, রাজস্ব আদায়সহ বিভিন্ন নীতি সংস্কারের মাধ্যমে এই ব্যবধান কমানো যেতে পারে। এ জন্য রাজনৈতিক অঙ্গীকারও প্রয়োজন বলে মনে করেন তিনি।http://www.kalerkantho.com

ভ্যাটের বোঝা কমাতে বেতন বাড়াল সৌদি সরকার

ভ্যাট বাস্তবায়নের ফলে জীবনযাত্রার ব্যয়ের সঙ্গে খাপ খাইয়ে নিতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন বাড়িয়েছে সৌদি সরকার। গতকাল শনিবার বাদশাহ সালমানের পক্ষ থেকে এক ঘোষণায় জানানো হয়, এখন থেকে সরকারি কর্মীদের বেতন মাসিক এক হাজার রিয়াল (২৬৭ ডলার) বাড়বে।রাষ্ট্রীয় গণমাধ্যমে প্রকাশিত রাজকীয় এ ঘোষণায় বলা হয়, সরকারি চাকরিজীবী হিসেবে সেনাদের বেতন এক হাজার রিয়াল বাড়লেও ইয়েমেনে যুদ্ধরত সেনা সদস্যদের পাঁচ হাজার রিয়াল করে বোনাস দেওয়া হবে। http://www.kalerkantho.com